



তাগাদা

তারিখ : ০১ মার্চ, ২০১৭
স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক চাঁদা/০৩/২০১৭/৬৬০৬

বরাবর,

সম্মানিত সদস্য

রিহাব।

বিষয় : বার্ষিক মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৭ যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

আপনার রিয়েল এস্টেট প্রতিষ্ঠানের বার্ষিক মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৭ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আগামী **৩১ মার্চ, ২০১৭** এর মধ্যে রিহাব “হিসাব বিভাগ”-এ জমার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

উল্লেখ্য যে, রিহাবের “মেমোরেণ্ডাম এন্ড আর্টিকেল’স অব এসোসিয়েশন” অনুযায়ী কোন রিহাব সদস্য চলতি ২০১৭ সালের বার্ষিক সাবস্ক্রিপশন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা **৩১ মার্চ, ২০১৭** এর মধ্যে পরিশোধ করতে সমর্থ না হলে “পরবর্তীতে” নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে হবে:-

(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা যদি ৩০ এপ্রিল, ২০১৭ এর মধ্যে পরিশোধ হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা যদি ৩১ মে, ২০১৭ এর মধ্যে পরিশোধ হয়।

(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা যদি ৩০ জুন, ২০১৭ এর মধ্যে পরিশোধ হয়।

যদি কোন রিহাব সদস্য প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০১৭ এর মধ্যে চলতি ২০১৭ সালের বার্ষিক মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হন; তাহলে রিহাব সংঘবিধি অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে খারিজ (Ceased) হয়ে যাবে।

সুতরাং আগামী **৩১ মার্চ, ২০১৭** এর মধ্যে বার্ষিক রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৭ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রিহাব বরাবরে পরিশোধের জন্য অনুরোধ করছি।

আপনার আন্তরিক সহযোগিতা “রিহাব” এর আগামী দিনের কর্মকান্ড পরিচালনায় কার্যকরী ভূমিকা রাখবে।

ধন্যবাদান্তে

আলমগীর শামসুল আলমিন
প্রেসিডেন্ট
রিহাব।

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : National Plaza (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargoan Road, Dhaka-1205. Tel : 88-02-9662114 9662482, 9669897, 9677877, 9663458, Fax : 88-02-9614606, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org

Chittagong Regional Office : VIP Tower (2nd Floor), 125 Chattewshary Road, Kazir Dewri, Chittagong, Bangladesh. Tel : 031-2853522, 2868829, Fax : 031-2853622, E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com